দর্শনায় বিয়ের আসরেই নববধূকে তালাক দিলেন বর

চুয়াডাঙ্গার দর্শনা থানার আকন্দবাড়িয়া গ্রামে বিয়ের আসরেই নববধূকে তালাক দিয়ে এলাকায় ব্যাপক চাঞ্চল্য সৃষ্টি করেছেন আসিপ রহমান (২২) নামে এক নতুন বর।

ঘটনাটি ঘটেছে গত রোববার (১৬ জুন) কোরবানির ঈদের আগের দিন সন্ধ্যায়। এ ঘটনায় ক্ষতিপুরণ বাবদ অবশ্য নববধূকে ৭৫ হাজার টাকা দেন মোহরানাসহ মোট সোয়া ৫ লাখ টাকা গচ্ছা দিতে হয়েছে বরকে। নতুন বর জেলার জীবননগর উপজেলার সিংনগর গ্রামের শমসের আলির ছেলে আসিপ রহমান।

পুলিশ ও এলাকাবাসী জানান, গত রোববার (১৬ জুন) বিকেলে আসিপ রহমান পার্শ্ববর্তী দামুড়হুদা উপজেলা দর্শনা থানার আকন্দবাড়িয়া গ্রামের মৃত. মিজানুর রহমানের মেয়েকে বিয়ে করার জন্য প্রায় অর্ধশত বরযাত্রীসহ আসেন। খাওয়া শেষে সন্ধায় বিয়ের কাজ শেষ হওয়ার পরপরই নতুন বরের খালাতো বোন বিয়ের আসরে এসেই অভিযোগ করেন, তার সঙ্গে ৮ মাস আগে আসিপের বিয়ে সম্পন্ন হয়েছে। বলার সঙ্গে সঙ্গে বিয়ের আসরেই ত্রিমুখী সংঘর্ষ শুরু হয়। এতে বর, নববধূ, বরযাত্রী ও আগের দাবি করা স্ত্রীসহ প্রায় ৭-৮ জন আহত হন।

খবর পেয়ে দর্শনা থানা পুলিশ ঘঠনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পরে গ্রাম সালিশ বৈঠকে মাতব্বররা বিয়ের আসরেই বসে নববধূর মোহরানার ৭৫ হাজার টাকাসহ ক্ষতিপূরণ বাবদ সাড়ে ৪ লাখ টাকা বরকে পরিশোধ করার নির্দেশ দেন এবং বিয়ে পড়ানোর একই কাজী দিয়ে সঙ্গে সঙ্গে তালাক সম্পন্ন করানো হয়।

দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহা ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, থানার এসআই ফাহিম হোসেনের নেতৃত্বে একটি টিম ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি শান্ত করেন। এছাড়া গত ৮ মাস আগে দামুড়হুদার জয়রামপুর গ্রামের বাসিন্দা বরের খালাতো বোনের সঙ্গে যে বিয়ে হয়েছিল বলে অভিযোগ ছিল, সেই মেয়েটিই তার বৈধ প্রথম স্ত্রী। প্রথম স্ত্রীর বাবা বুধবার (১৯ জুন) দর্শনা থানায় একটি নারী নির্যাতন মামলা দায়ের করেছেন।

রাত পেরোলেই পর্দা উঠছে কোপা আমেরিকার

চলতি মাসের শুরু থেকেই চলছে টি-টোয়েন্টি বিশ্বকাপের নবম আসর তার মধ্যে কয়েক দিন আগে শুরু হয়েছে ফিফা বিশ্বকাপের পর ফুটবলের সবচেয়ে বড় মহরণ ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ অথবা ইউরো কাপ। এতে করে ক্রীড়াপ্রেমীরা খুব ব্যস্ত সময়ই পার করছে। এর মধ্যেই আগামীকাল ভোর থেকে শুরু হতে যাচ্ছে লাতিন ফুটবলের সবচেয়ে বড় আসর কোপা আমেরিকা।

বিশ্বের সবচেয়ে জনপ্রিয় খেলা ফুটবল। এই কথার সঙ্গে দ্বিমত করার কোনো অবকাশ নেই। অনেকের কাছে ফুটবল শুধু একটি খেলাই নয়, এটির সঙ্গে জড়িয়ে আছে আবেগ-অনুভূতি। প্রিয় দল জিতলে যেমন উল্লাসে মেতে উঠে তেমনিভাবে প্রিয় দল হারলে চোখ থেকে বেয়ে পড়ে বেদনার অশ্রু। বৈশ্বিক টুর্নামেন্ট আসলে ফুটবল নিয়ে সমর্থকদের মধ্যে উন্মাদনার রেশ ছড়িয়ে পড়ে কয়েক গুণ। প্রিয় দলের জার্সি গায়ে, অনেকে বাড়ির আঙিনায় টানান প্রিয় দলের পতাকা। টং দোকানের চায়ের আড্ডা থেকে শুরু করে কর্মক্ষেত্র, সবখানে হয় ফুটবল কেন্দ্রিক আলোচনা।

চলছে ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ ইউরো। এর মধ্যে আগামীকাল সকালে পর্দা উঠতে যাচ্ছে দক্ষিণ আমেরিকার ফুটবলের সবচেয়ে বড় আসর কোপা আমেরিকা। অনেকের মতো ফিফা বিশ্বকাপের মতো এই টুর্নামেন্টের অবস্থান। তাই তো ফুটবল ভক্তরাও চাতক পাখির মতো মুখিয়ে থাকে এই টুর্নামেন্টের জন্য। কেননা এই টুর্নামেন্টের সবচেয়ে দেখা যায় ফুটবলের সবচেয়ে বড় দুই প্রতিদ্বন্দ্বী ব্রাজিল-আর্জেন্টিনাকে। ইউরোপ-আমেরিকার মতো এই বঙ্গ দেশে ছড়িয়ে পড়ে সেই রেশ। কিছু-কিছু ক্ষেত্রে তো ইউরোপ-আমেরিকা থেকে প্রিয় দলকে নিয়ে বেশি উচ্ছ্বাসে মাতেন লাল-সবুজের এই দেশের মানুষরা। গেল কাতার বিশ্বকাপেও নতুন করে যা জেনেছে গোটা বিশ্ব।

এবারের কোপা আমেরিকার আয়োজক দেশ মার্কিন যুক্তরাষ্ট্র। যা এই টুর্নামেন্টের ৪৮তম আসর। এই নিয়ে দ্বিতীয় বারের মতো কোপা আয়োজন করবে দেশটি। প্রথম বারের মতো ২০১৬ সালে কোপা আয়োজন করে

দেশটি। উদ্বোধনী ম্যাচে বাংলাদেশ সময় আগামীকাল ভোর ৬টায় মাঠে নামবে বর্তমান চ্যাম্পিয়ন আর্জেন্টিনা ও কানাডা। ম্যাচটি আটলান্টার মার্সিডিজ-বেঞ্জ স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। শক্তি ও অভিজ্ঞতার দিক নিয়ে কানাডার চেয়ে যোজন যোজন এগিয়ে বর্তমান বিশ্ব চ্যাম্পিয়নরা। যদিও এখন পর্যন্ত আন্তর্জাতিক ম্যাচে একবারই মুখোমুখি হয়েছে এই দুই দল। তাও সেটা এক যুগের বেশি সময় আগে, ২০১০ সালে। সে ম্যাচে কানাডাকে ৫-০ গোলের বড় ব্যবধানে হারায় বর্তমান চ্যাম্পিয়নরা। তাই বলাই যায় এই ম্যাচের কানাডাকে নিয়ে ছেলেখেলা করতে পারেন স্কালোনির শিষ্যরা।

১৯১৬ সালে প্রথম বারের মতো অনুষ্ঠিত হয় দক্ষিণ আমেরিকা শ্রেষ্ঠের এই লড়াই। সেবার আসরটি আয়োজন করে আর্জেন্টিনা। ঐ আসরে স্বাগতিকদের ফাইনালে হারিয়ে শিরোপা জিতে উরুগুয়ে। ১০৮ বছর ধরে অনুষ্ঠিত হয়ে আসা এই টুর্নামেন্টে যৌথভাবে সবচেয়ে বেশি শিরোপা জিতেছে আর্জেন্টিনা ও উরুগুয়ে। এই দুই দলের শিরোপার সংখ্যা ১৫টি করে। এছাড়াও কোপা আমেরিকার বর্তমান চ্যাম্পিয়নও আর্জেন্টিনা। ২০২১ সালে ফাইনালে ব্রাজিলকে হারিয়ে শিরোপা দীর্ঘ ২৮ বছর পর কোনো আন্তর্জাতিক শিরোপা জিতেছিল আলবিসেলেস্তারা। সেইসঙ্গে এবারের আসরেও শিরোপার অন্যতম দাবিদার মেসি বাহিনী।

অন্যদিকে গেল আসরে ভুলগুলো থেকে শিক্ষা নিয়ে আরও পরিণত হয়ে মার্কিন মুল্লুকে পা রাখেন গেল আসরের রানার আপ ব্রাজিল। তাদের বর্তমান পারফরম্যান্সের দিকে নজর বোলালে দেখা যায় সেই চিত্র। এছাড়াও চিলি, উরুগুয়ে, পেরু, মেক্সিকোও ছেড়ে কথা বলবে না কাউকে। এছাড়াও এবারের আসরে চারটি গ্রুপে ভাগ হয়ে লড়াই করবেন মোট ১৬টি দল। প্রতিটা গ্রুপের শীর্ষে থাকা দুই দল খেলবে সেরা আটে। কোয়ার্টার ফাইনালে বিজয়ী চার দল খেলবে সেমিফাইনালে। এছাড়াও আগামী ১৫ জুলাই ফাইলের মধ্যে দিয়ে পর্দা নামবে কোপা আমেরিকার ৪৮তম আসরের।

এ-গ্রুপ: আর্জেন্টিনা, কানাডা, চিলি, পেরু

বি-গ্রুপ: ইকুয়েডর, মেক্সিকো, জ্যামাইকা, ভেনিজুয়েলা

সি-গ্রুপ: যুক্তরাষ্ট্র, পানামা, উরুগুয়ে, বলিভিয়া

ডি-গ্রুপ: ব্রাজিল, প্যারাগুয়ে, কোস্টারিকা, কলম্বিয়া

সূত্র: ইত্তেফাক

গাংনীতে ৬৩০ বোতল ফেনসিডিল, ৪ গ্রাম হেরোইন ও গাঁজা জব্দ

মেহেরপুরে মাদক বিরোধী পৃথক চারটি অভিযানে ৬৩০ বোতল ভারতীয় ফেনসিডিল, চার গ্রাম হেরোইন ও দেড়’ শ গ্রাম গাঁজাসহ চার মাদক কারবারীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

আটকরা হলেন, গাংনী উপজেলার কাজিপুর গ্রামের (মধ্যপাড়া) এলাকার এলাহী বকসের ছেলে সাহাজুল ইসলাম (৩৮), ভাটপাড়া (ডিসি ইকোপার্ক) পাড়া এলাকার কাবুল হোসেনের ছেলে মো: কাজল হোসেন ((১৯), সীমান্তবর্তি খাঁসমহল গ্রামের মৃত আব্দুল আজিজ ওরফে জিপতের ছেলে মো: পল্টু হোসেন (৪০) ও সহড়াতলা গ্রামের মৃত আকছেদ আলীর ছেলে মশিউর রহমান ওরফে মুছা ((৪৫)।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলামের নেতৃতে গতকাল বুধবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ বৃহস্পতিবার (২০ জুন) ভোররাত পর্যন্ত গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার বিভিন্ন স্থানে পৃথক চারটি অভিযান চালিয়ে এই চারজন মাদক কারবারিকে আটক করা হয় এবং ফেনসিডিল, গাঁজা ও হেরোইন উদ্ধার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

এদিকে মাদক উদ্ধারের ঘটনায় আজ বৃহস্পতিবার (২০ জুন) বেলা ১ টার সময় গাংনী থানা ক্যাম্পাসে আনুষ্ঠানিকভাবে প্রেসব্রিফ করেন মেহেরপুর জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) মোঃ আহসান খান।

প্রেসব্রিফিং এ অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আহসান খান জানান, ভারতীয় সীমন্তে একটি ফেনসিডিলের বিরাট চালান তারকাটার বেড়া পার করে বাংলাদেশ অভ্যন্তরে আসছে এমন গোপন সংবাদের ভিত্তিতে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো: তাজুল ইসলামের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) সঞ্জিব কুমার সঙ্গীয় ফোসসহ সীমান্তবর্তি

কাজিপুর গ্রামের মধ্যপাড়া এলাকার সাহাজুল বাড়িতে অভিযান চালায়। এসময় তার বাড়ি থেকে ৫৬০ বোতল ফেনসিডিল জব্দ করা হয়। এসময় আটক করা হয় সাহাজুল ইসলামকে।

অপরদিকে একই সময় এসআই সাইফুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে সীমান্তবর্তি সহড়াতলা গ্রামে অভিযান চালান। অভিযানে ৭০ বোতল ফেনসিডিলসহ মশিউর রহমান ওরফে মুসাকে আটক করা হয়। পরে অপর একটি অভিযান চালানো হয় ভাটপাড়া ডিসি ইকোপার্কের সামনের রাস্তাতে। অভিযানে ১৫০ গ্রাম গাঁজাসহ কাজল আলীকে আটক করেন।

এছাড়া আজ বৃহস্পতিবার (২০ জুন) ভোররাতের দিকে গাংনী থানার ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই আশরাফুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ খাঁসমহল গ্রামে অভিযান চালিয়ে ৪ গ্রাম হেরোইনসহ মো: পল্টুকে আটক করেন।

এসব মাদক উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পুলিশের পক্ষ থেকে গাংনী থানায় পৃথক চারটি মামলা দায়ের করা হয়েছে। আটকৃত আসামীদের বিকালে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

প্রেসব্রিফিং এ অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আহসান খান বলেন মাদকদ্রব্য এবং মাদক কারবারি দেশ ও সমাজের শত্রু। এদের নির্মল করার জন্য পুলিশ সব সময় কাজ করছে। এটিকে নির্মূল করা পুলিশের একার পক্ষে সম্ভব নয়। তাই সমাজের সবাইকে এগিয়ে আসতে হবে। এক্ষেত্রে সাংবাদিক জনপ্রতিনিধিসহ সমাজের অন্যান্য পেশার মানুষকেও এগিয়ে আসতে হবে।

মুজিবনগরের মোনাখালীতে মিডা কৃতি শিক্ষার্থী সংবর্ধনা ও

সাংস্কৃতিক অনুষ্ঠান

মুজিবনগরের মোনাখালীতে মেধার ভিত্তিতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সুযোগ লাভ করা, এসএসসি ও এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীদের সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

মোনাখালী এডুকেশনাল ডেভেলপমেন্ট এ্যাসোসিয়েশন (মিডা) আয়োজিত এবং মিডা পাবলিক লাইব্রেরীর সার্বিক সহযোগিতায় আজ মঙ্গলবার (১৮ জুন) সকাল সাড়ে ১১ টার দিকে মোনাখালী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে গুণীদের সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সহ-সভাপতি মো: সালাউদ্দীন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সহকারী শিক্ষা অফিসার মেহেরপুর সদর মোঃ আসফুদ্দৌলা শামীম, মুজিবনগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান বি এম জাহিদ হাসান, মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ তকলিমা খাতুন ও মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মফিজুর রহমান ।

এছাড়াও সম্মানিত অতিথি হিসেবে মোনাখালী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের সহ-প্রতিষ্ঠাতা মাহবুবুর রহমান ডাবলু, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আনারুল ইসলাম, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মোঃ সাদেক আলী, মুজিবনগর মহিলা বিষয়ক অফিসার মোঃ সেলিম রেজা মিঠু, রাজাপুর সরকার প্রাথমিক বিদ্যালয়ের (অবসরপ্রাপ্ত) প্রধান শিক্ষক মোঃ ফিরাতুল ইসলাম, পুরন্দরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিরিনা খাতুন, মিডা এর সাধারণ পরিষদের সদস্য শাহিনুর রহমান মানিকসহ বিভিন্ন স্কুলের শিক্ষার্থী ও অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

পরে মোনাখালী গ্রামের বিভিন্ন প্রতিষ্ঠানে অধ্যায়নরত ও উত্তীর্ণ শিক্ষার্থীদের ৫ টি ক্যাটাগরিতে ও বিশেষ সম্মাননাতে যা এ ক্যাটাগরিতে হিফজ সস্পন্নকারী ২ জন, বি ক্যাটাগরিতে এসএসসি জিপিএ-৫ প্রাপ্ত ১৭ জন, সি ক্যাটাগরিতে এইচএসসি জিপিএ-৫ প্রাপ্ত ৩ জন, ডি ক্যাটাগরিতে পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স পাওয়া ৫ জন, ই ক্যাটাগরিতে মিডা সেরা সংগঠক ১ জন, এফ ক্যাটাগরিতে বিশেষ সম্মাননা ২ জন ও জি ক্যাটাগরিতে বীর মুক্তিযোদ্ধা ৫ জনকে সম্মাননা প্রদান করা হয়।

র্যাবের অভিযানে সাড়ে ১৫ কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি-৩, মেহেরপুর ক্যাম্প মাদক বিরোধী অভিযান চালিয়ে সাড়ে ১৫ কেজি গাঁজাসহ মোঃ মিরাজুল ইসলাম(৪৬) নামের এক মাদক কারবারীকে আটক করেছে। এসময় তার স্ত্রী মোছা: সীতা খাতুন (৩৭) পালিয়ে গেছে।

আটক মিরাজুল ইসলাম কুষ্টিয়া সদর উপজেলার কবুরহাট গ্রামের মৃত ওমেদ আলী মন্ডলের ছেলে।

আজ রবিবার (১৬ জুন) সকাল ৮ টার সময় কুষ্টিয়া সদর উপজেলার কবুরহাট

(সর্দারপাড়া) এলাকায় ধৃত আসামী মোঃ মিরাজুল ইসলামের বাড়িতে মাদক বিরোধী অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। এসময় তার বসতবাড়ির একটি কক্ষ থেকে সাড়ে ১৫ কেজি গাঁজা উদ্ধার করা হয়। র্যাবের উপস্থিতি টের পেয়ে তার স্ত্রী মোছাঃ সীতা খাতুন সুকৌশলে পালিয়ে যান। গাঁজার আনুমানিক মূল্য ৪ লাখ সাড়ে ৬৬ হাজার টাক বলে প্রাথমিকভাবে জানা গেছে।

র্যাব-১২, সিপিসি-৩, মেহেরপুর কোম্পানী কমান্ডার সহকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান সঙ্গীয়ফোর্সসহ মাদক বিরোধী এই বিশেষ অভিযান পরিচালনা করেন।

র্যাব-১২, সিপিসি-৩, মেহেরপুর কোম্পানী কমান্ডার সহকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামীদ্বয় পরস্পর যোগসাজসে দীর্ঘদিন যাবৎ লোক চক্ষুর আড়ালে কুষ্টিয়া জেলা সহ আশপাশের বিভিন্ন এলাকায় মাদক দ্রব্য কেনা-বেচা করে এলাকার যুব সমাজকে ধ্বংস করছে।

গাঁজা উদ্ধারের ঘটনায় কুষ্টিয়া সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গ্রেফতারকৃত আসামী ও উদ্ধারকৃত আলামত আইনানুগ পদক্ষেপ গ্রহণের জন্য কুষ্টিয়া জেলার সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

পেছালো পুষ্পা ২ সিনেমার মুক্তি তারিখ

বলিউডের অন্যতম জনপ্রিয় ফ্রাঞ্চাইজি ‘পুষ্পা’। এ বছরের আগস্টের ১৪ তারিখ মুক্তির কথা ছিল এর নতুন সিনেমা ‘পুষ্পা: দ্যা রুল’। তবে ঘোষিত তারিখে এটি আর মুক্তি পাচ্ছে না, কবে মুক্তি পাবে সে বিষয়েও কিছু নিশ্চিত করা হয়নি।

টাইম অব ইন্ডিয়ার তথ্য মতে, সিনেমার বেশকিছু কাজ এখনো বাকি রয়েছে। যেগুলো শেষ হতে ভালো সময় লাগবে। এরপর সিনেমাটি থেকে এর প্রধান ভিডিও সম্পাদক শ্রীনিবাস সরে গিয়েছেন। যা নিয়েও বিপাকে

পড়েছেন নির্মাতা। তাই শেষ মুহূর্তে ভিডিও এডিটিংয়ের দায়িত্ব দেওয়া হয়েছে নবীন নুলিকে। সবকিছু মিলিয়ে পরিচালক সুকুমার তাড়াহুড়ো করে সিনেমাটি মুক্তির পক্ষে নয়। নির্মাতা জানান, ‘পুষ্পা-টু’ মুক্তির নতুন তারিখ আনুষ্ঠানিকভাবে সবাইকে জানিয়ে দেওয়া হবে।

সুকুমারের পরিচালনায় সিনেমার প্রধান তিন চরিত্রে অভিনয় করতে দেখা যাবে আল্লু অর্জুন, রাশমিকা মান্দানা ও ফাহাদ ফাসিলকে। এ ছাড়া বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন জগদীশ প্রতাপ বান্দারি, সুনীল, রাও রমেশ, ধনঞ্জয়, শ্রীতেজ, শানমুখ, পাবনি করণম, মাইম গোপী ও দয়ানন্দ রেড্ডিকে।

সূত্র : টাইম অব ইন্ডিয়া

মেহেরপুরে দোকানের তালার সাথে ককটেল মোড়ানো ব্যাগ

দোকানের সার্টারের তালার সাথে বাজার করা ব্যাগের মধ্যে দুটি ককটেল রেখে গেছে দূর্বৃত্তরা। পরে সদর থানা পুলিশ খবর পেয়ে ককটেল দুটি উদ্ধার করেন।

মেহেরপুর সদর উপজেলার সোনাপুর প্রাথমিক বিদ্যালয়ের পাশে ফরজ আলীর দোকানের সার্টারের তালার সাথে ককটেল দুটি রাখার ঘটনা ঘটে।

আজ রবিবার (১৬ জুন) সকালের দিকে ফরজ আলী তার দোকানে এসে ব্যাগের মধ্যে ককটেল দুটি দেখে স্থানীয় ইউপি সদস্য বিপ্লব হোসেনকে খবর দেন। ইউপি মেম্বর বিপ্লব হোসেন ঘটনাস্থলে পৌঁছে ব্যাগের মধ্যে রাখা ককটেল দুটি দেখে পুলিশকে খবর দেন।

পরে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল ঘটনাস্থল থেকে বোমা সাদৃশ্য বস্তুু দুটি উদ্ধার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি সিয়া এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, কি কারনে ককটেল তুটি ব্যবসা

প্রতিষ্ঠানের সামনে রেখেছে এখনো তা বোঝা যাচ্ছে না। পুলিশ বিষয়টি নিয়ে কাজ করছে।

নিয়োগ দিবে সমাজসেবা অধিদপ্তর

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে সমাজসেবা অধিদপ্তর। প্রতিষ্ঠানটি ১৬তম গ্রেডে সমাজকর্মী (ইউনিয়ন) পদে ২০৯ জনেকে নিয়োগের জন্য এ বিজ্ঞপ্তি দিয়েছে। গত ১২ জুন থেকে আবেদন নেওয়া শুরু হয়েছে।

প্রতিষ্ঠানের নাম: সমাজসেবা অধিদপ্তর

পদের সংখ্যা: ০১টি

লোকবল নিয়োগ: ২০৯ জন
পদের নাম: সমাজকর্মী (ইউনিয়ন)

পদসংখ্যা: ২০৯টি

বেতন: ৯,৩০০-২২,৪৯০ টাকা

গ্রেড: ১৬তম

শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ
চাকরির ধরন: সরকারি

প্রার্থীর ধরন: নারী-পুরুষ (উভয়)

কর্মস্থল: ইউনিয়ন পর্যায়ে
আবেদন ফি: পরীক্ষার ফি বাবদ টেলিটকের সার্ভিস চার্জসহ ২২৩ টাকা জমা দিতে হবে। বয়সসীমা: ১৮ থেকে ৩০ বছর হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

যেভাবে আবেদন করবেন: আগ্রহী প্রার্থীরা আবেদন করতে ও বিস্তারিত বিজ্ঞপ্তিটি দেখতে এখানে ক্লিক করুন। আবেদনের শেষ সময়: ১৮ জুলাই

২০২৪

বাকিতে মোবাইল ফোন কিনে দেওয়ায় বিপত্তি, সংঘর্ষে আহত ৬

বাকিতে মোবাইল ফোন কিনে দিয়ে সেই টাকা আদায় করতে গিয়ে পিটুনির শিকার হয়েছেন আব্দুস সামাদ। এঘটনার জের ধরে সৃষ্ট সংঘর্ষে উভয় পক্ষের কমপক্ষে ৬ জন আহত হয়েছেন।

গতকাল শনিবার (১৫ জুন) দিবাগত রাত ১০ টার দিকে ঘটনাটি ঘটেছে মেহেরপুর সদর উপজেলার রাজনগর গ্রামে।

আহতদের মধ্যে রাজনগর গ্রামের সাকন আলীর ছেলে আব্দুস সামাদ, সাবের আলীর ছেলে শফিকুল ইসলাম, তার ছেলে আরিফুল ইসলাম ও সাবের আলীর ছেলে রফিকুল ইসলাম মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি রয়েছেন। বাকিরা স্থানীয়ভাবে চিকিিৎসা নিয়ে বাড়িতে রয়েছেন।

জানা গেছে, রাজনগর গ্রামের আব্দুস সামাদ একই গ্রামের রফিকুল ইসলামকে স্থানীয় একটি মোবাইল শোরুম থেকে বাকিতে একটি মোবাইল ফোন কিনে দেন। রফিকুল ইসলাম দীর্ঘদিন যাবৎ মোবাইল ফোনের দাম পরিশোধ না করাই জিম্মাদার আব্দুস সামাদ সেই টাকা দ্রুত পরিশোধ করতে বলেন।

এতে দুজনার মধ্যে কথা কাটাকাটির এক পর্যায়ে আব্দুস সামাদকে বেধড়ক মারধর করে রফিকুল ইসলাম। এই খবর জানাজানি হলে, আব্দুস সামাদের লোকজন শফিকের লোকজনের উপর হামলা চালান। এত উভয়পক্ষের ৬ জন আহত হন। এ ঘটনায় উভয়পক্ষের লোকজন মামলার প্রস্তুতি নিচ্ছে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া জানান, সংঘর্ষের ঘটনায় পুলিশ পাঠানো হয়েছিল। মামলা দিলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

বাবা দিবস আজ

ওয়াশিংটনের স্পোকাসে সোনোরা স্মার্ট ডড নামে এক নারী ছিলেন। তার বিপত্নীক বাবা ছয় মেয়েকে লালন-পালন করেছিলেন। আর বিয়ে থা করেননি। বাবার প্রতি তার কৃতজ্ঞতা ভালোবাসার প্রকাশস্বরুপই সোনোরা বাবা দিবসের প্রচলন করেন। কাজটি সহজ ছিল না। বাবা দিবসকে উদযাপনের উপলক্ষ্য করতে স্থানীয় চার্চ এবং ওয়াইএমসিএ-তে ব্যাপক দৌড়ঝাঁপ করতে হয় তাকে। প্রশাসনের তরফে তিনি দ্রুতই সাফল্য পান। ১৯ জুন বাবা দিবস ঘোষণা করা হয় ওয়াশিংটনে।

১৯১৬ ও ১৯২৪ সালের প্রেসিডেন্ট উইলসন ও ক্যালভিন কুলিজ নতুন এই ধারণায় খুশি হয়েছিলেন। তবে বাবা দিবসকে জাতীয় পর্যায়ে উদযাপন শুরু হয় ১৯৬৬ সালে যখন প্রেসিডেন্ট লিন্ডন বি জনসন বাবা দিবস জাতীয়ভাবে উদযাপনের সিদ্ধান্ত নিতে শুরু করেন। তবে একমাত্র ১৯৭২ সালে প্রেসিডেন্ট নিক্সন বাবা দিবস উদযাপনের সাফল্য এনে দেন। আস্তে আস্তে বাবা দিবস সারা বিশ্বেই পরিচিতি পায়।

যুক্তরাষ্ট্রে আচমকা বাবাদের হারিয়ে যাওয়ার বেদনাকাতর গল্পের অভাব নেই৷ পরিবারের দায়িত্ব নিতে না চাওয়া বাবারা আচমকা হারিয়ে যান। ফলে অনেকের শৈশব কাটে বাবার শূণ্যতায়। আমেরিকার বিস্তৃত, বৈচিত্র্যময় ভূখণ্ডে বাবার সঙ্গে পর্বতে ক্যাম্প করা কিংবা মাছ ধরার অভিজ্ঞতার বর্ণনাও কি স্টেইনবেকে নেই? আছে। বাবাকে তাই সারাজীবন ক্ষত হিসেবে দেখা অনেক আমেরিকান তাও আকাঙ্ক্ষা করেন বাবাকে। গোটা বিশ্বের অন্যত্র তা একটু ভিন্ন।

বাবা দিবসকে বিশ্বের অধিকাংশ দেশই এখন গুরুত্ব দিয়ে উদযাপন করে। ইউরোপে পরিবারের সবাই একত্রিত হয়ে সারপ্রাইজ দেওয়া বা বাবাকে উপহার দেওয়ার হিসেবটিই থাকে কয়েকদিন আগে। বাবাকে একটু বিশেষ করা। ইউটিউবে গেলে এমন অনেক আবেগঘন ভিডিও দেখা যাবে।

বাবা দিবসকে অত সফলভাবে এখনও পাওয়া যায়নি। কারণ ফুল বা উপহার বিতরণের মধ্যে পুরোষোচিত ভাবটি থাকে না। বাণিজ্যিকভাবেও উৎসবটি অত দারুণ নয়। তারপরও বিশ্বের অনেক স্থানে বাবা দিবস এখন ট্রেন্ড হয়ে গেছে।

দক্ষিণ এশিয়া বা এশিয়ার এই অঞ্চলে বাবা মহীরুহ। আফ্রিকাতেও বাবা বুড়োটে হলেও তাকে যে সম্মানের স্থানে রাখা হয় তার আবেগ এই দিবসকে রঙিন এখনও করে। সামাজিক যোগাযোগমাধ্যমের ফিডে তা পাওয়া যায়। দেখা যায়, বাবা কতটা বড় ছায়া। বটবৃক্ষের মতো আগলে রাখেন। বাবা দিবসে তাই বাবাকে একটু বিশেষ ভাবনায় রাখার বিষয়টি থাকে। আমাদের দেশেও এই ট্রেন্ড আছে। অত জোরদার না। তবে বাবার সঙ্গে এক ধরনের সম্মানগত দূরত্ব থেকেই সবাই দিনটি উদযাপন করে।

বাবা দিবসে আর কি করার আছে? বাবার সঙ্গে আলাপ করুন। তাকে বলার প্রয়োজন নেই কতটা আশ্রয় পাচ্ছেন। জানান, আপনি আছেন। আর যার নেই তিনি স্মৃতিতে সুন্দর বেছে নিতে পারেন। সুন্দর করে নেওয়াটাই ত মূল এই দিনে।

সূত্র: ইত্তেফাক